

B.A. 5th Semester (Honours) Examination, 2022

বাংলা

Course Title: উনিশ ও বিশ শতকের কথাসাহিত্য

Course Code: AHBNG-502-C-12

Course ID: 50112

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) “এই বিবাহের আট বৎসর পরে এই আখ্যায়িকা আরম্ভ হইতেছে।” – এখানে কার সঙ্গে কার বিবাহের কথা বলা হয়েছে?

খ) চন্দ্রশেখর তার পুথিপত্রে আগুন ধরিয়ে দিয়েছিল কেন?

গ) ‘কাহাকে’ উপন্যাসে প্রকাশ কাল উল্লেখ করে লেখিকার অন্য একটি উপন্যাসের নাম লেখো।

ঘ) রমানাথ কে? সে কী করত?

ঙ) ‘দিবারাত্রির কাব্য’ উপন্যাসে কয়টি ভাগ আছে? ভাগগুলির নাম কী কী?

চ) ‘দিবারাত্রির কাব্য’ উপন্যাসে সুপ্রিয়া হেরম্বের সঙ্গে গৃহত্যাগ করেছিল কেন?

ছ) ভিখু বসিরকে হত্যা করেছিল কেন?

জ) “এ লড়ায়ে মোরা মরব। মোদের ছেলেপুলেরা ফের সত্যযুগ আনবে।” – বক্তা কে? সে কাদের একথা বলেছে?

২। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসে রমানন্দ স্বামীর ভূমিকা আলোচনা করো।

খ) ‘কাহাকে’ উপন্যাসে টেনিস খেলার দৃশ্যের গুরুত্ব বুঝিয়ে দাও।

গ) ‘দিবারাত্রির কাব্য’ উপন্যাসে সুপ্রিয়ার অন্তর্দ্বন্দ্ব সংক্ষেপে বিশ্লেষণ করো।

ঘ) 'ছোট বকুলপুরের যাত্রী' গল্পে পান ও পানের মোড়ক ব্যবহারের তাৎপর্য কী?

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ x ১০ = ২০

ক) 'চন্দ্রশেখর' উপন্যাসে সন্তরণ দৃশ্যগুলি কীভাবে উপন্যাসের গतिकে নিয়ন্ত্রণ করেছে তা আলোচনা করো।

খ) 'কাহাকে' উপন্যাসে আগাগোড়া স্ত্রীলোকের সুর ধ্বনিত হয়েছে – এই মন্তব্যের সারবত্তা যাচাই করো।

গ) 'দিবারাত্রির কাব্য' উপন্যাসের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

ঘ) 'যাকে ঘুষ দিতে হয়' গল্পে ঘুষ দেওয়াকে কেন্দ্র করে লেখক যে অবক্ষয়ের চিত্র অঙ্কন করেছেন, গল্পটি অবলম্বনে তা আলোচনা করো।